

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তালতলী, বরগুনা।
www.taltali.barguna.gov.bd

অতীব জরুরী

স্মারক নং-০৫.১০.০৪৯০.০০০.০৬.০০৩.২২-৬৩১

তারিখ: ২৮.০৪.২০২৪ খ্রিঃ

বিষয় : সর্বজনীন পেনশন স্কিমের আওতায় সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীবৃন্দ ও তাদের পরিবারের সদস্যদের নিবন্ধনকরণপূর্বক প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৮-৫০ বছর বয়সী সকল বাংলাদেশি নাগরিকদের পেনশন সুবিধা প্রদানের লক্ষে বাংলাদেশ সরকার সর্বজনীন পেনশন স্কিম চালু করেছেন। সর্বজনীন পেনশনে ০৪ (চার) ধরনের স্কিম রয়েছে। সর্বজনীন পেনশন স্কিমের উল্লেখযোগ্য সুবিধাগুলো হলো:

- ক) সরকারি স্কিম, তাই শতভাগ নিরাপদ;
- খ) দারিদ্রসীমার নিচে থাকলে চাঁদার অর্ধেক দেবে সরকার;
- গ) জমানো টাকায় লাভ ৩ থেকে ১২গুন;
- ঘ) জমা টাকায় মিলবে ৫০% ঋণ।
- ঙ) মাসিক পেনশন শুরু হবে ৬০ বছর হলে;
- চ) বেঁচে থাকলে মিলবে আজীবন পেনশন।

এমতাবস্থায়, সর্বজনীন পেনশন স্কিমের আওতায় সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীবৃন্দ ও তাদের পরিবারের সদস্যদের নিবন্ধনকরণপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ৪টি স্কিম বিবরণী ও রেজিস্টেশনের নিয়মাবলী।

বিতরণ (কার্যার্থে):

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
তালতলী, বরগুনা।

Stumpa ০২/০৪/২৪

(সিফাত আনোয়ার তুমপা)
উপজেলা নির্বাহী অফিসার
তালতলী, বরগুনা।

ফোন: ০২৪৭৮৮৮৭৮০৫

মোবাইল: ০১৭৩৩৩৪৮০২৭

ই-মেইল: unotaltoli@mopa.gov.bd

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। জেলা প্রশাসক, বরগুনা।

০২। জেলা শিক্ষা কর্মকর্তা, তালতলী, বরগুনা।

*** যেকোনো তথ্যের জন্য যোগাযোগ করুন 'সর্বজনীন পেনশন হেল্প ডেস্ক' কক্ষ নং- ২০৮, উপজেলা পরিষদ, তালতলী, বরগুনা।

** সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারে নিবন্ধনের জন্য আবেদন করতে পারবেন।